

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালক, সম্প্রসারণ-এর দপ্তর  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

নংঃ ৩৩.০১.০০০০.২০০.০০৬.০০১.১৫.৪৫৭

তারিখঃ ০২/০৫/২০১৬ খ্রিঃ

মহাপরিচালক  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

**বিষয়ঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৮.০৪.২০১৬ তারিখ পরিচালক (সম্প্রসারণ) এর সভাপতিত্বে প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের একটি সভা অনুষ্ঠিত হয়। কর্মকর্তাদের তালিকাসহ উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো।

সংযুক্তিঃ  
১. সভার কার্যবিবরণী- দুই পৃষ্ঠা

স্বাক্ষরিত/  
(বিশ্বজিৎ ভট্টাচার্য্য)  
পরিচালক (সম্প্রসারণ)  
ও  
সভাপতি, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। ডাঃ মোঃ সহিদুল ইসলাম, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। ডাঃ অখিল চন্দ্র, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাজীপুর
- ৩। ডাঃ মোঃ রফিকুল ইসলাম, প্রকল্প পরিচালক, সিডিএমপি-২, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। ড. মোঃ আবু সুফিয়ান, অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর, সমন্বয়কঃ ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৫। মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও সার্ভার শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৬। অভিজিত কুমার মোদক, বৈজ্ঞানিক কর্মকর্তা, এলই শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৭। ডাঃ মোঃ মুখলেছুর রহমান, ভেটেরিনারি সার্জন, জেলা প্রাণি হাসপাতাল, গাজীপুর

প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	বিশ্বজিৎ ভট্টাচার্য্য, পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর
তারিখ	২৮/০৪/২০১৬ খ্রিঃ
সময়	সকাল ৯:৩০ ঘটিকা
স্থান	পরিচালক-এর অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	স্বাক্ষর
০১.	ডাঃ মোঃ সহিদুল ইসলাম, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০২.	ডাঃ অখিল চন্দ্র , জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাজীপুর	স্বাক্ষরিত
০৩.	ডাঃ মোঃ রফিকুল ইসলাম , প্রকল্প পরিচালক, সিডিএমপি-২, প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০৪.	ড. মোঃ আবু সুফিয়ান, অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, যশোর, সমন্বয়কঃ ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর	স্বাক্ষরিত
০৫.	মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি ও সার্ভার শাখা প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য সচিব, ইনোভেশন টিম	স্বাক্ষরিত
০৬.	অভিজিত কুমার মোদক , বৈজ্ঞানিক কর্মকর্তা, এলই শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর	স্বাক্ষরিত
০৭.	ডাঃ মোঃ মুখলেছুর রহমান, ভেটেরিনারি সার্জন, জেলা প্রাণি হাসপাতাল , গাজীপুর	স্বাক্ষরিত

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি জানান, মাননীয় প্রধানমন্ত্রী কার্যালয়ের এটুআই প্রোগ্রামের মাধ্যমে সারাদেশে প্রাণিসম্পদ অধিদপ্তর জনগনের দোরগোড়ায় সেবা পৌঁছানোর লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বর্তমান বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ন্যূনতম ১টি সেবাকে সহজীকরনের আওতায় আনার বাধ্যবাধকতা রয়েছে। প্রাণিসম্পদ অধিদপ্তর প্রাথমিক ভাবে পোল্ট্রি ও ডেইরী খামার রেজিস্ট্রেশন ও নবায়ন কার্যক্রম সহজীকরনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

ডাঃ মোঃ সহিদুল ইসলাম, উপপরিচালক (প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-১), প্রাণিসম্পদ অধিদপ্তর ও সদস্য, ইনোভেশন টিম সভায় জানান, প্রাণিসম্পদ অধিদপ্তরের পোল্ট্রি ও ডেইরী খামার রেজিস্ট্রেশন ও নবায়ন কার্যক্রম সহজীকরনের কাজটি পাইলট আকারে প্রথমে গাজীপুর জেলায় করা হবে। এ ব্যাপারে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাজীপুর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

ডাঃ অখিল চন্দ্র , জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাজীপুর সভায় জানান, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলায় এই পোল্ট্রি ও ডেইরী খামার রেজিস্ট্রেশন ও নবায়ন কার্যক্রম সহজীকরনের পাইলট কার্যক্রমটি করা হবে। এরই অংশ হিসেবে আগামী ০৫/০৫/২০১৬ ইং তারিখে stakeholder দের নিয়ে একটি মতবিনিময় সভা করা যেতে পারে।

সমন্বয়ক, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর সভায় জানান, বর্তমান ব্যবস্থাপনায় একটি খামার রেজিস্ট্রেশনের জন্য প্রায় ৩৭ দিন সময় লাগে এবং এর ১৩ টি ধাপ আছে। একটি উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে দূরদূরান্ত হতে খামারীগণ খামার রেজিস্ট্রেশনের জন্য উপজেলা সদরে আসা অনেক কষ্টকর। এই পদ্ধতির সহজিকরনের মাধ্যমে খামারিগন উপকৃত হবেন।

২। এতদবিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহীত হয়ঃ-

- ১) আগামী ০৫/০৫/২০১৬ ইং তারিখে stakeholder দের নিয়ে একটি মতবিনিময় সভা গাজীপুর জেলায় অনুষ্ঠিত হবে। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাজীপুর, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
- ২) উক্ত কর্মশালার জন্য একটি power point presentation তৈরি করা হবে। সমন্বয়ক, ইনোভেশন টিম, প্রাণিসম্পদ অধিদপ্তর, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মধ্য দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/

(বিশ্বজিৎ ভট্টাচার্য্য)  
পরিচালক (সম্প্রসারণ)ও  
সভাপতি, ইনোভেশন টিম,  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।